কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

এখনও কি মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাশ করতে পারেননি?
NIOS বোর্ডের মাধ্যমে ON-DEMAND প্রক্রিয়ায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করার এক সুবর্ণ সুযোগ।
Govt. Regd. সার্টিফিকেট
BHARATI EDUCATION CENTRE
98313 71548 / 91632 82856

বর্ষ ৪৩ সংখ্যা ৩ কলকাতা বুধবার, ১০ অগস্ট ২০২২/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২৫ শ্রাবণ ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## ৬ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে

# ৬৪৩২ প্রবেশনারি অফিসার

দেশের ৬টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৬,৪৩২ জন প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব প্রবেশনারি অফিসার্স/ম্যানেজমেন্ট ট্রেনিজ ইন পার্টিসিপেটিং ব্যাঙ্কস' নেওয়া হবে চলতি বছরের অক্টোবর-নভেম্বর মাসে। প্রিলিমিনারি পরীক্ষা হবে অক্টোবরে। মেন পরীক্ষা হবে নভেম্বরে। পরীক্ষার আয়োজক ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশান (আই বি পি এস)। এটি একটি স্বশাসিত সংস্থা। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

৬টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। সংশ্লিষ্ট ৬টি ব্যাঙ্কের যে-কোনওটিতে যোগ দিতে চাইলে আগে এই পরীক্ষায় সফল হতে হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস। ৩১-৩-২০২৪ পর্যন্ত এই স্কোর কার্ড বৈধ থাকবে।

অন্তত কত স্কোর থাকলে আবেদন করা যাবে তা নির্দিষ্ট করে দিতে পারে নিয়োগকারী ব্যাঙ্ক। এরপর সংশ্লিষ্ট ব্যাঙ্ক প্রয়োজন অনুসারে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্ত ভাবে প্রার্থী বাছাই করবে।

**ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** ৫৩৫টি (সাধারণ ২১৮, তফসিলি জাতি ৮০, তফসিলি উপজাতি ৪০, ও বি সি ১৪৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫৩)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ দৃষ্টি, শ্রবণ-সংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধী এবং ৬টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** ২৫০০টি (সাধারণ ১০১৩, তফসিলি

*এরপর তিনের পাতায়*

# কলকাতায় ২৮৫

## কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট

**শুধুমাত্র মহিলারা আবেদন করবেন**

২৮৫ জন কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট নেবে কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি। চুক্তিতে নিয়োগ করা হবে শহরের আর্বান প্রাইমারি হেলথ সেন্টারগুলিতে। শুধুমাত্র মহিলারা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 03/Kolkata City NUHM Society/2022-23.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: সাধারণ ১১৯, সাধারণ-খেলোয়াড় ৯, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১৭, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১৩, তফসিলি জাতি ৩৮, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ৫, তফসিলি উপজাতি ২৭, ও বি সি-এ ৩৩, ও বি সি-বি ২৪।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফ (এ এন এম) বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি এন এম) কোর্স পাশ করে থাকতে হবে। সেই

*এরপর ছয়ের পাতায়*

## পাঁচ পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশে

# কয়েকশো সাব-ইন্সপেক্টর

কয়েকশো সাব-ইন্সপেক্টর নেবে পাঁচ কেন্দ্রীয় পুলিশ বাহিনী ও দিল্লি পুলিশ। নিয়োগ করা হবে বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স, সশস্ত্র সীমা বল ও দিল্লি পুলিশে। ২ বছরের প্রবেশন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন 'সাব-ইন্সপেক্টর ইন দিল্লি পুলিশ অ্যান্ড সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে। পুরুষ-মহিলা উভয়ই আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ অগস্ট।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির

*এরপর ছয়ের পাতায়*

## বি এস এফে

# ৩১২

৩১২ জন হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল) এবং ১১ জন অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার) নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। পুরুষ ও মহিলা উভয়েই আবেদনের যোগ্য।

**শূন্যপদের বিন্যাস: হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল):** সাধারণ ১৫৪, তফসিলি জাতি ৩৮, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৬৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪১। মোট শূন্যপদের ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

*এরপর দুয়ের পাতায়*

## নৌবাহিনীতে

# ১১২

## ট্রেডসম্যান মেট

ট্রেডসম্যান মেট পদে ১১২ জনকে নেবে ভারতীয় নৌবাহিনী। আন্দামান ও নিকোবর কমান্ড হেডকোয়ার্টার্সে নিয়োগ করা হবে গ্রুপ 'সি' ক্যাটেগরিতে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র পোর্ট ব্লেয়ার।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ:** সাধারণ ৪৩, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৮, ও বি সি

*এরপর ছয়ের পাতায়*

## সেনাবাহিনীতে


# গ্রুপ 'সি'

বিভিন্ন ট্রেডে ৯৬ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ভারতীয় সেনাবাহিনী। বার্বার, চৌকিদার, সাফাইওয়ালি, ট্রেডসম্যান মেট পদে নিয়োগ করা হবে সেন্ট্রাল কম্যান্ডের বিভিন্ন ইউনিটে।

**শূন্যপদের বিবরণ: বার্বার:** ১২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ খেলোয়াড়দের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সংশ্লিষ্ট কাজে দক্ষ হতে হবে। ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

*এরপর ছয়ের পাতায়*

JENPAS/ বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের অভিনন্দন



ফিজিওথেরাপি চিকিৎসার জগতে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি
THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES
Affiliated
BARACKPORE COLLEGE OF EDUCATION
(Institute of Physiotherapy and Allied Health Sciences)
Admission Process is On
E-mail : bce.bpt.bkp@gmail.com
Website : bceweb.in
BACHELOR OF PHYSIOTHERAPY ( BPT )
8582933150, 9830619194, 7044440901

ICFAI® UNIVERSITY
The ICFAI University, Dehradun
UGC Approved and NAAC Accredited
ADMISSIONS - 2022
B.Tech | B.Tech (LE) | B.Sc (Hons.) Maths | B.Sc Data Science
BCA | MCA | M.Tech | Diploma (Mech./ Civil)
BBA | BBA (FIA) | B.Com (Hons.) | MBA
BA (Hons.) Economics | B.Ed. | MA (Education)
BBA-LL.B (Hons.) | LL.B.
BA-LL.B (Hons.) | LL.M.
Ph.D (Full-time / Part-time)
(Mgmt. | Sci. & Tech. | Edu. | Law)



▸ MERIT SCHOLARSHIPS: Based on performance in Class XII & Semester-wise Performance in respective programs ▸ Fee Concession to Domicile Students of Uttarakhand
Highest Pay Package ₹ 12.4 Lakhs per annum

HIGHLIGHTS
• Highly qualified faculty, most of them are Ph.Ds with vast experience • Smart board enabled classes with top of the line live teaching infrastructure • A vast array of extra co-curricular activities such as music, arts, clubs, debating etc. • Beautiful landscaped campus surrounded by hills and jungles • Fully Wi-fi enabled campus • Hi-Tech Innovative Labs • Well stocked Digitalized library

RANKINGS
ICFAI Tech School
▸ 1st among top Engg. Colleges of Uttarakhand - CSR-GHRDC, 2021
▸ 'AA+' among Deemed/ Central/ State Pvt Universities in Uttarakhand - Career 360, 2021
ICFAI Business School
▸ 1st in Uttarakhand, 17th in North India among the Best B-Schools - IIRF, 2021
▸ 17th in A++ Category in all India & 7th in North Zone - Silicon India B-School Rankings, 2021
▸ 13th among top B Schools of Eminence - CSR-GHRDC, 2021
ICFAI Law School
▸ 1st in Uttarakhand & 13th among Top Law Colleges (Pvt.) in India- IIRF, 2020-21.
▸ 1st among Top Law Schools in Uttarakhand (Govt. & Pvt.Law Schools)- CSR-GHRDC, 2021
▸ 10th among Top Pvt. Law Colleges of India & Rated AAA+ in Uttarakhand- Career 360, 2022
ICFAI University, Dehradun
▸ 1st among Top Private Universities in Uttarakhand - Education World University Rankings, 2021.
▸ 9th in pursuit of excellence towards 'Best Institute for Campus Life' (A1 Band) - MHW Ranking, 2021.
▸ 13th in the Private University (Premier Category)- IIRF, 2020-21.
▸ 36th among India's Best Universities - General (Private) - India Today, 2021

For details & eligibility, please visit: www.iudehradun.edu.in
Toll-free: 1-800-120-8727 /iudehradun.official
Contact: West Bengal: 9304745167
Campus: Rajawala Road, Central Hope Town, Selaqui, Dehradun.
IUD City Office: # 5, 1st Flr, MID town Tower, Above Patanjali Mega Mart, Opp.HP Petrol Pump, GMS Road, Dehradun

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**বুটিকের দোকানের জন্য স্বপ্রতিভ** মহিলা ম্যানেজার প্রয়োজন সত্বর, কাজের সময় ১২-৯টা পর্যন্ত, মেলাতে যেতে হবে। যোগাযোগ: 90519-62224 মাহিনা যোগ্যতা অনুযায়ী।

**An experienced computer** accountant required immediately for a Howrah based organization. Come with CV at Shree Shyam Mandir Ghusuridham, Howrah (Time: 11 am to 2 pm), M.: 98306-91460.

**SBI/HDFC/ICICI ব্যাঙ্কিং-এর কাজে** স্মার্ট বাংলাভাষী ছেলে/মেয়ে (18-36) শীঘ্র চাই। বেতন 13217/-+ESI+PF গড়িয়া-82829-16972 হাওড়া-70449-16924 কেস্টপুর-89813-31204.

**Govt-Retd/VRS/Ex-Army** এবং Pvt থেকে Retd ব্যক্তিদের জন্য Part Time-এ উচ্চ আয়েতে রোজগারের সুযোগ 45-64yr HS+ অফিস কলকাতায়। মিঃ রায়-82401-86797.

**MNC আশীর্বাদ পেপসি অন্নপূর্ণা ডাবর** এ সুপারভাইজার পিওন রিশেপসনিস্ট ব্যাঙ্ক অফিস পদে ৪৫ জন male/female চাই। বেতন-13k-45k. 70446-88993.

**Pvt ব্রিটানিয়া আমূল আশীর্বাদ** কোলগেট বিস্কফার্ম ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 35জন চাই। ESI PF OT বেতন 13k-40k 89614-99989.

**Wanted Male/Female Sales** Executive Experienced / Fresher 10K + Incentive. Mail CV at: info @mehrotraindustries.com

**দিল্লি/মুম্বাইতে আয়া পেসেন্ট/বেবি** কেয়ার, জাপা, বাড়ির কাজে মহিলা চাই। 15K-25K, জয়া সেন্টার। 70114-56402, 93301-59570, 78275-52870, 72919-85085.

**এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও** Bank DSA-তে বিভিন্ন পদে male/female কর্মী চাই। বেতন 17500-52600 + থাকা খাওয়া Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। M. 75968-31900.

**এয়ারপোর্টে কন্ট্রাক্টারের অধীনে ও** ব্যাঙ্ক DSA-তে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম-স্নাতক বেতন-12500-42600 Ex আর্মীদের বিশেষ সুবিধা আছে। M. 84365-20472.

**Required BTech/ Diploma** Electrical, Freshers for a transformer manufacturing Unit at Narendrapur. Only Kolkata Candidate apply at mailinduction @gmail.com

**ব্যাঙ্কের কাজের জন্য কম্পিউটার জানা** টেলিকলার ও Back Office Candidate আবশ্যক। ঠিকানা - ৩/৯ পোদ্দার নগর (সাউথ সিটি মলের কাছে) কলকাতা-৭০০ ০৬৮ বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন-৬২৯২২-১২১২২।

**20টি জেলায় বন্ধন ব্যাঙ্ক (DSA)-তে** Male/Female নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম - স্নাতক। বেতন 15K-61K. Ex-আর্মিদের বিশেষ সুবিধা। M: 83368-72369.

### কর্মখালি

**কোলকাতা ও বাইরে সর্বক্ষণের আয়া ও** গৃহকর্মী ৭ জন মহিলা চাই। বেতন: ১০০০০/ ১৭০০০/- + থাকা খাওয়া ফ্রি। সেবা আয়া সেন্টার, ফোন: 97489-07395.

**clickforananny দিল্লি সহ ভারতে** সর্বত্র ও বিদেশে বেবী, ন্যানি, জাপা, গভর্নেস চাই (14-90K+) Req U.S VISA holder 90077-12120.

**Diamond Drugs Pvt. Ltd. We are** looking for Field Sales Executive/ ABM, RBM Product Manager & ZBM. Entire West Bengal. Experience minimum 1-2 year/ Fresher. Critical Segment Preferred. Interested candidates can contact M:- 98316-71114 Send your Resume on query. diamond@gmail.com

**ব্রেনওয়ার বিশ্ববিদ্যালয়ের বারাসাত** ক্যাম্পাস-এর মেয়েদের হোস্টেল-এর জন্য অভিজ্ঞ হোস্টেল ওয়ার্ডেন দরকার। যোগাযোগ-87772-53892.

**কলকাতা-সহ সারাভারতে 24 ঘণ্টা** থেকে আয়া রান্না বাচ্চা/পেসেন্ট দেখা ও ঘরোয়া কাজে মেয়ে চাই। 9-60000/- থাকা+খাওয়া. 70591-66264/90515-22914.

**প্যাথল্যাবে রক্ত নেওয়ার কাজ এবং** প্রতিবন্ধী হোমে কেয়ার গিভার (অষ্টম শ্রেণী+) ও অভিজ্ঞ ম্যানেজার চাই। (পুরুষ 50 বয়স পর্যন্ত থাকা+খাওয়া) বায়োডাটা পাঠান হোয়াটসঅ্যাপে- 96742-45707, 93310-31650 (ট্রেনিং শেষে চাকরি)।

**মালদা বা বহরমপুর অঞ্চলে Cipla** Generic মেডিসিনের কাজ করার জন্য অভিজ্ঞ ছেলে চাই। বেতন 20K to 25K (Allowance ও Incentive আলাদা) Whats app No-98300-68525.

**বিখ্যাত Indian Co.-তে ট্রেনিং ও** মোটিভেশনের জন্য স্থায়ী ম্যানেজার পদে সরাসরি নিয়োগ। বয়স: 30-65. আয়: 3-5 Lakh P.A. Retd/গৃহবধূ স্বাগত। M: 62911-53946.

**নামী কোম্পানিতে ক্যাশলেস** মেডিক্লেইম, হেলথ/লাইফ এ কাজ করে নিজেকে স্বাবলম্বী করুন। প্রচুর আয়। বয়স 18+, যোগ্যতা: 10 পাশ+. M: 98316-20906/90512-40825.

**A Reputed Indian Co urgently** reqs Retd/VRS/Homemakers Min HS+ for purely Managerial Post@ Kol Office Salary+Inc, PF, ESI M-98312-40646.

**প্রখ্যাত বিজ্ঞাপন সংস্থায় অভিজ্ঞ** Accountant ও গ্রাফিক ডিজাইনার প্রয়োজন। বেতন দক্ষতা অনুসারে। যোগাযোগ- appointment.klik@ gmail.com

**Kolkata based Engg. Consultant** requires 1. Sales & mktg. persons-4 nos with own two-wheeler. 2. Civil Engr (BE/Dip.)-2 nos. 3. Accountant-1 no B.Com with exp. in tally, conversant with all govt taxes, GST etc. 4. Contractor/ Agency/Structural designer-2 no for Civil design & allied mktg. Min Exp 3-5 yrs. Attractive packages. Send CV- pqes2022@ gmail.com M-70777-96635.

**Reputed Company Looking for** VRS/Retd/Housewife/Consultant HS+ (25-65) for Supervisor post in Kol. Call HR Ms Dasgupta-98300-40748.

### কর্মখালি

**Urgently required a Pharmacist,** D.Pharm, 1yr exp. for retail Pharmacy of an NGO. Send CV at sushanta@cdmuindia.org

**An experienced Rubber** Technologist required for a Rubber manufacturing unit in Howrah. Id: phoenixrubberworks @gmail.com, M. 98310-33778.

**কলিকাতা-সহ সারা ভারতে ও বিদেশে** জাপা, নার্স, আয়া, বেবিকেয়ার, কুক ও USA VISA হোল্ডার সত্বর চাই। বেতন 10-80,000/- সামারিটান 98301-54550.

**Kol. based business house needs** a) Staff for outdoor duty with computer knowledge b) Asstt. Accountant in Tally expert (M+W) 89616-39077.

**Renowned Banking Group reqd** Sr. Managers. Retired/VRS/ Housewife between 30-70yrs, HS+ Income 30K-40Kpm+PF+ESI. Mr Ghosh 98302-64804.

**ভালো রোজগারের নিশ্চিত সুযোগ** সহ নামী Co-তে Managerial পদে নিয়োগ Retd/VRS/গৃহবধূ/ব্যবসায়ী অগ্রগণ্য বয়স 30-65 HS+ Call-89109-45677/74395-37295.

**ঔষধ দোকানের জন্য ডি. ফার্মা বা বি.** ফার্মা, ডিগ্রিধারী ফার্মাসিস্ট লাগবে। 8PM-10PM. M: 78902-30013/ 99328-47577.

**পার্টটাইম/ ফুলটাইম/ এনি টাইম** অফিসে বসে কাজ 3দিন আসুন Retd/ VRS-Bank/ রেল/ ONGC/ Sail/ Army & গৃহবধূদের চাকরি Earn upto 45K+ সুমিত-89104-81856.

**Work from home হাতে ফর্ম ফিলাপ** /কম্পিউটার-এ Excel Data Entry করে মাসে ২০ থেকে ২৫ হাজার আয় করুন। 70037-14899.

**Wanted staff to take care of** admin/marketing/bus in a school near Kodalia. Mail your resume to kolschoolcv@gmail.com

**সম্মানের সাথে Fixed/Extra আয়** করুন। কলকাতার Reputed Company -তে নিয়োগ Retired/VRS/House-wife/Freshers (35-65 years)দের। Call-62919-60567.

**American Agrochemicals to be** Explored in India Looking for Female Business Coordinator Msc/MBA with Science Apply: gassin. cv@gmail.com

**BCom(H), MCom, CA(I), ICWA,** BSc with minimum 5 years experience file bio-data with expected salary and area at agmg312@gmail.com

**Wanted Graduates for Full Time** Job in leading Health Insurance Co. as Manager. Location-Phoolbagan. Age 23-35. Call-98300-57596.

**ঘরে বসে লিখে আয়, নো টার্গেটে স্পট** পেমেন্টে একা/দুজনে বই কপি, ফর্ম ফিলাপ করে সপ্তাহে 7000 আয় বাই পোস্টে কাজ পাবেন। 82760-07237, 91633-97166.

**Wanted Civil/Electrical Engineer** having 10 yrs experience in Warehouse Industry. Mail- info@ sribalajiinfrabuildrealty.com Call/ Whatsapp-98318-08746.

### কর্মখালি

**1. উকিল** cv-vigmanav@yahoo. com 2. ব্যবসা/Mktg. অভিজ্ঞ-85858-92443.

**Need one Sales Head & Exec.** with min. 5/7 yrs. exp. in Chemical/Petrochem for early joining. Salary negotiable. Mail-sales@nirkongrp.com, M-98300-53071.

**MANPOWER WANTED**
তিরুপুর, তামিলনাড়ু একটি গাদা নাইটি ফ্যাক্টরিতে নিম্নলিখিত পদে কাজের জন্য লোক চাই। সিঙ্গার টেলর (কন্ট্রাক্ট বেসিস), প্যাটার্ন মাস্টার, কাটিং মাস্টার, হেল্পার। ৩৬৫ দিন নিয়মিত কাজ, থাকার ব্যবস্থা, সাপ্তাহিক বা মাসিক বেতন দেওয়া হবে। 79074-90241.

**Wanted Advocate having 15 yrs** experience in Real Estate Mail-info@sribalajiinfrabuildrealty.com Call/Whatsapp-98312-33488.

**Globally Renowned 151yrs MNC** required graduate & above age 40-65, income Rs. 70k Medical facility prefer. 98300-10675.

**Aditya Group Kolkata ব্রাঞ্চে** পার্ট/ফুল টাইম অফিস জবে Manager পদে Male/Female 25-65 Retd/ Housewife নিয়োগ Fixed Salary 25K+PF. 62910-14354.

**Wanted Executive for Export** firm. Knowledge of export sales & proficiency in computers essential. Apply at info@webimpressions india.in

**Wanted Manager, Nurse and** receptionist for a multi-specialty clinic in Rajarhat, Newton. Cv to alpines37@gmail.com call 98300-65030.

**Marketing/ Sales (Corporate)** candidates required for a reputed company in Kolkata. Email CV to: admin@fisyproject.com

**রান্না এবং দুটি বাচ্চাকে দেখার জন্য** হায়দ্রাবাদ যেতে ইচ্ছুক পিছুটানহীন মহিলা যোগাযোগ করুন। মোবাইল নং-97016-58811.

## বি এস এফে ৩১২

*প্রথম পাতার পর*

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার):** তফসিলি উপজাতি ১১।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত গতিতে শর্টহ্যান্ড ও টাইপিং জানতে হবে।

**বয়স:** ২২-৮-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** হেড কনস্টেবলের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টরের ক্ষেত্রে ২৯,২০০-৯২,৩০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে নথিপত্র যাচাই, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rectt.bsf.nic.in দরখাস্তের শেষ তারিখ ২২ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কর্মখালি

**কলকাতার অফিসে Aditya Group-এ** Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা বয়স: 21-58, Graduate নিয়োগ। Fixed 25K Salary+Medical+PF. Ph. 90642-69437.

**অবসরের পর শরীর সুস্থ রাখিতে কলি** অফিসে চাকুরী করিয়া ভালো আয় করুন। HS+, ৪৫-৬৫ বছর। নীলাদ্রি বসু: 91639-41729 সুনীল বিশ্বাস: 76992-96820.

**সোনারপুর/নরেন্দ্রপুর নিবাসী একজন** বিশ্বস্ত ভালো Driver প্রয়োজন। মাইনে মাসিক 10000/- টাকা। যোগাযোগ-80171-04953.

**টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/** মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/ মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS 91638-02014, 91638-02209.

**Reputed Indian Co reqd. Mngr/** Telecaller. Retd/VRS/Housewife 25-70 Part/Full Time High Incentive No Target+Other Benefit 70039-37136.

**Book.Com এ বাড়ি বসে হাতে লিখে/** Comp টাইপ/ফর্ম ফিলাপ করে সপ্তাহে 6000 - মাসে 30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 70036-88074/89024-48939.

**সামান্য কাজের বিনিময়ে উচ্চ আয়।** Govt-Retd/VRS (35-64, HS+)-দের পার্টটাইম অফিসিয়াল পদে নিয়োগ চলছে। অমল: 98316-74368.

**সরাসরি কর্মী নিয়োগ**
**প্রতিটি জেলায় Pvt. Co.-তে** ফুড প্যাকিং, লেবেলিং, শপিংমলে, ATM গার্ড, S.V, ইনচার্জ চাই। বেতন: (13K-22K), M: 78727-52502.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৩ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

### কর্মখালি

**DIRECT JOINING BANK AIRPORT**
**Govt. RNO-5468 পঃ বঙ্গ-সহ উঃ বঙ্গে** বিনা ডোনেশনে সমস্ত জেলায়, Bank-এ ও এয়ারপোর্টে M/F ৮ম-স্নাতক কর্মী চাই। বেতন: 18,100/- – 45,400/-, থাকা খাওয়া ফ্রী, Ex আর্মীর বিশেষ ছাড়। M: 94345-66797.

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**
**L/c No.- KOL-WB50C97 পঃ** বাংলার বিভিন্ন প্রান্তে প্রাঃ ব্যাঙ্কে Back Office এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 93 জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary 16,500/- – 26,700/- MP-স্নাতক Age: 18-41, ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা। M: 73843-33014.

**D গ্রুপে নিয়োগ**
বিনা ডোনেশানে Bank ও এয়ারপোর্টে ৮ম-স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,600/- – 45,700/-. PF, ESI, বোনাস-সহ থাকা খাওয়া। Ex Army স্বাগত। M: 94776-23974.

**URGENT JOINING**
বিনা ডোনেশানে Airport ও ব্যাঙ্ক-এ অষ্টম-স্নাতক M/F নিয়োগ। বেতন: 18,200/- – 47,600/-, PF, ESI, OT, বোনাস-সহ থাকা খাওয়া ফ্রী। Try IT-যোগাযোগ: 89024-75357.

### স্কুল-কলেজ শিক্ষা

**Join Merchant Navy-Admission Notice**
**Admission for DGS approved** pre-sea G.P Training will commence from 01.01.2023, for placement in Merchant Navy. Course duration is six months (Residencial). Eligibility 40% in English & 40% in aggregate in 10th Final Exam from recognized board. Total fees 1,70,00/- (one lakh seventy thousand only). For details contact MAI office at Nabik Griha, 1/1, D. H. Road, Kolkata 700 038. Ph: 98309-65166.


**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


## হুন্ডাই মোটরে চাকরির সুযোগ

**নিজস্ব প্রতিনিধি:** হুন্ডাই মোটর ইন্ডিয়া লিমিটেডের বিভিন্ন বিভাগে চাকরির সুযোগ আছে। বিভাগ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুসারে চাকরির জন্য দরখাস্ত করা যায় বছরের যে-কোনও সময়ই। কাজের অভিজ্ঞতা না থাকলেও চাকরির জন্য আবেদন করা যাবে। অর্থাৎ ফ্রেশাররাও আবেদনের যোগ্য। প্রসঙ্গত, হুন্ডাই মোটর ইন্ডিয়া লিমিটেড হুন্ডাই মোটর কোম্পানির অধীনস্থ একটি সংস্থা। হুন্ডাই মোটর কোম্পানির সদর দপ্তর দক্ষিণ কোরিয়ায়।

হুন্ডাই মোটর ইন্ডিয়া কলকাতা-সহ ভারতের বিভিন্ন শহরে কর্মী নিয়োগ করে থাকে এই সব ক্ষেত্রে: সেলস অ্যান্ড মার্কেটিং, ফিনান্স, প্রোকিওরমেন্ট, অ্যাডমিনিস্ট্রেশন, কর্পোরেট অ্যাফেয়ার্স, কোয়লিটি ম্যানেজমেন্ট, প্রোডাকশন, কর্পোরেট প্ল্যানিং-সহ অন্যান্য নানা বিভাগ।

দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://career.hyundai.co.in ওয়েবসাইটে অভিজ্ঞ ও ফ্রেশার প্রার্থীদের জন্য আলাদা অ্যাপ্লিকেশন উইন্ডো রয়েছে। প্রয়োজনীয় বিভিন্ন তথ্য-সহ অনলাইন দরখাস্ত সাবমিট করবেন। কাজের ক্ষেত্র, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা (অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে) অনুসারে শূন্যপদ থাকলে বা শূন্যপদ তৈরি হলে সংস্থার তরফে প্রার্থীর সঙ্গে যোগাযোগ করে নেওয়া হয়।

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৫ জুলাই-২১ জুলাই

**১৫ জুলাই** রাশিয়া থেকে অস্ত্র কিনলেও ভারতের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হবে না বলে মার্কিন হাউস অব রিপ্রেজেন্টেটিভসে জানাল বাইডেন প্রশাসন। রাশিয়া থেকে এস-৪০০ ট্রায়াম্ফ ক্ষেপণাস্ত্র প্রতিরোধী ব্যবস্থা কেনায় ভারতের উপর নিষেধাজ্ঞা চাপাতে উদ্যোগী হয়েছিল ডোনাল্ড ট্রাম্প প্রশাসন। বাইডেন সেই প্রস্তাব খারিজ করে দিলেন। নিম্নকক্ষে পাশ হওয়া প্রস্তাবে বলা হয়েছে, চিনকে আটকাতে ভারত রাশিয়া থেকে ক্ষেপণাস্ত্র প্রতিরোধী ব্যবস্থা কিনলে কোনও শাস্তিমূলক পদক্ষেপ করা হবে না।

**'অসংসদীয়' শব্দের তালিকা নিয়ে** বিতর্কের মধ্যেই সংসদ চত্বরে ধর্নার উপর নিষেধাজ্ঞা জারি করল কেন্দ্র। রাজ্যসভার সচিবালয়ের তরফে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সংসদ চত্বরে কোনওরকম ধর্না, বিক্ষোভ, অনশন বা হরতাল কর্মসূচির আয়োজন করা যাবে না। কংগ্রেস-তৃণমূল-সহ বিরোধী শিবির একযোগে জানিয়ে দিয়েছে, কেন্দ্রের এই ফরমানের তীব্র বিরোধিতা করবে তারা। যদিও সংসদীয় কার্যনির্বাহী দপ্তরের দাবি, এই বিজ্ঞপ্তির মধ্যে নতুনত্ব কিছু নেই, এটি একটি নিয়মমাফিক প্রক্রিয়া। প্রতিবারই এই ধরনের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে থাকে।

**শ্রীলঙ্কার পার্লামেন্টের স্পিকার পলাতক** প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষের ইস্তফা গ্রহণ করার কথা ঘোষণা করতেই দেশের অন্তর্বর্তী প্রেসিডেন্ট পদে শপথ নিলেন রনিল বিক্রমসিঙ্ঘে। অন্যদিকে, একটি জনস্বার্থ মামলার প্রেক্ষিতে শ্রীলঙ্কার শীর্ষ আদালত জানিয়েছে, তাদের বিশেষ অনুমতি ছাড়া দেশ ছাড়তে পারবেন না প্রাক্তন প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষে ও তাঁর ভাই তথা দেশের প্রাক্তন অর্থমন্ত্রী বাসিল রাজাপক্ষে। এদিন দেশের অন্তর্বর্তী প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েই বিক্রমসিঙ্ঘে জানিয়েছেন চিফ অব ডিফেন্স স্টাফ, পুলিশের আইজি এবং তিন সশস্ত্র বাহিনীর কম্যান্ডারদের নিয়ে দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় বিশেষ কমিটি গঠিত হয়েছে। এই কমিটি স্বাধীনভাবে সিদ্ধান্ত নেবে।

**১৭ জুলাই** দেশের উপ-রাষ্ট্রপতি নির্বাচনে এনডিএ প্রার্থী মনোনীত হয়ে, পশ্চিমবঙ্গের রাজ্যপালের পদ থেকে ইস্তফা দিলেন জগদীপ ধনখড়। অস্থায়ী ভাবে মণিপুরের রাজ্যপাল লা গণেশনকে পশ্চিমবঙ্গের রাজ্যপালের বাড়তি দায়িত্ব দেওয়া হয়েছে। ২০১৯-এর অগস্টে বাংলার রাজ্যপাল হিসেবে দায়িত্ব নেন ধনখড়। শুরু থেকেই রাজ্য প্রশাসনের নানা বিষয়ে রাজ্য সরকারের সঙ্গে মতবিরোধ চলছিল তাঁর। অন্যদিকে, নয়াদিল্লিতে এনসিপি সুপ্রিমো শরদ পাওয়ারের ডাকা বিরোধীদের বৈঠকে তাদের পক্ষে উপরাষ্ট্রপতি পদ-প্রার্থী হিসেবে ঘোষিত হল মার্গারেট আলভার নাম।

## গণতন্ত্রে বিরোধীদের গুরুত্ব কমায় আক্ষেপ রমণার



**১৬ জুলাই:** গণতন্ত্রে বিরোধীদের জায়গা কমছে, এই আক্ষেপ শোনা গেল দেশের প্রধান বিচারপতি এন ভি রমণার মুখে। সরাসরি রাজ্য বা কেন্দ্র সরকারের নাম না করলেও রাজস্থান বিধানসভায় সংসদীয় গণতন্ত্রের ৭৫ বছর শীর্ষক অনুষ্ঠানে যোগ দিয়ে বিচারপতি রমণা বলেন, 'বিরোধী নেতারা এক সময়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতেন। সরকার এবং বিরোধী পক্ষের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা থাকত। দুর্ভাগ্যজনক ভাবে, বিরোধীদের সেই জায়গাটা কমছে। আমরা দেখছি বিস্তারিত আলোচনা ছাড়াই আইন পাশ হয়ে যাচ্ছে।' বিচারপতি রমণার মতে আদর্শ বিশ্বে সরকার ও বিরোধী পক্ষের সহযোগিতামূলক সহাবস্থান থাকে। শক্তিশালী, সক্রিয় বিরোধী পক্ষ সরকারের কাজ উন্নত এবং নির্ভুল করতে সাহায্য করে।



"রোজ গণতন্ত্রের মৃত্যু হচ্ছে দেশে। একনায়কদের শাসনে প্রশ্ন করলেই বিরোধীদের কণ্ঠরোধ করা হচ্ছে। ইডি-পুলিশ দিয়ে ভয় দেখানো হচ্ছে। কিন্তু জেনে রাখুন, যারা ধমকায় তারাই আসলে ভয় পায়। এরা মিথ্যে কথা বলে, তাই ভয় পায়। ভয় পায় জনতার ক্ষমতাকে আর বিরোধীদের।"

**রাহুল গান্ধী**, *কংগ্রেস সাংসদ*

*মূল্যবৃদ্ধি, জিএসটি এবং বেকারত্বের মতো বিষয়গুলি নিয়ে মোদী সরকারের বিরুদ্ধে আরও বড় আন্দোলনে নামার ইঙ্গিত দিয়ে*

## প্রয়াত ভূপিন্দর



**১৮ জুলাই:** প্রখ্যাত সংগীত শিল্পী ভূপিন্দর সিং (৮২) প্রয়াত হলেন। বেশ কিছুদিন ধরেই তিনি নানান শারীরিক সমস্যায় ভুগছিলেন। সম্প্রতি কোভিডও হয়েছিল তাঁর। কয়েক দশক ধরে বলিউডের অসংখ্য জনপ্রিয় গানের সঙ্গে উচ্চারিত হয়েছে ভূপিন্দরের নাম। গজল সম্রাট হিসেবেও পেয়েছেন বিপুল জনপ্রিয়তা। 'নাম গুম জায়েগা', 'এক আকেলা ইস শহর মে', 'বিতি না বিতাই রয়না', 'হুজুর ইস কদর ভি না ইতরাকে চলিয়ে', কিংবা 'দিল ঢুন্ডতা হ্যায়, ফির ওহি, ফুরসত কে রাত দিন', কালজয়ী গজল হিসেবে মানা হয়। বাংলাতেও প্রচুর গান গেয়েছেন ভূপিন্দর। 'ত্রয়ী' ছবিতে তাঁর গাওয়া 'কবে যে কোথায়, কী যে হল ভুল' এখনও মুখে মুখে ফেরে।

**ওল্ড ট্রাফোর্ডে ৫ উইকেটে জয় তুলে** নিয়ে ইংল্যান্ডের বিরুদ্ধে একদিনের সিরিজ জিতে নিল ভারত। ইংল্যান্ড প্রথমে ব্যাট করে ৪৫.৫ ওভারে ২৫৯ রান তোলে। জবাবে ভারত ৪২.১ ওভারে ৫ উইকেট হারিয়ে ২৬১ রান তুলে নেয়। ১১৩ বলে অপরাজিত ১২৫ রান করে ম্যাচ জেতানো ইনিংস খেলেন ঋষভ পন্থ। অন্যদিকে হার্দিক পাণ্ডিয়া প্রথমে বল হাতে (৪-২৪) দুরন্ত বোলিংয়ের পর ব্যাট করতে নেমে ৫৫ বলে ৭১ রানের লড়াকু ইনিংস খেলেন। এই জয়ের সঙ্গে সঙ্গে ২০১৮ সালের অস্ট্রেলিয়ার পরে এই প্রথম কোনও তিন ফরম্যাটের সিরিজ কোথাও না হেরে শেষ করল ভারত।

**১৮ জুলাই** বাদল অধিবেশনের প্রথম দিনই বিরোধী বিক্ষোভে উত্তাল হল সংসদ। মুদ্রাস্ফীতি, জিএসটি বৃদ্ধি, অগ্নিপথ এবং অসংসদীয় শব্দ তালিকার মতো বিষয়গুলি নিয়ো বাদল অধিবেশনের প্রথম দিনেই সরকারকে নিশানা করল বিরোধী শিবির। জিএসটি-র বোঝা বাড়ানো নিয়ো রাহুল গান্ধী টুইট করেছেন, 'ট্যাক্স বাড়ছে, চাকরি নেই। বিশ্বের একদা সবচেয়ে উন্নত অর্থনীতিকে ধ্বংস করার পথে হাঁটছে বিজেপি। গব্বর সিং (জিএসটি)-এর ফের হামলা।' তাৎপর্যপূর্ণ ভাবে সরকার বিরোধী বক্তব্য শোনা গিয়েছে বিজেপি সাংসদ বরুণ গান্ধীর গলাতেও। তিনি অবশ্য এর আগেও মোদী সরকারের একাধিক সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তুলে দলকে অস্বস্তিতে ফেলেছেন।

## শ্রীলঙ্কার নয়া প্রেসিডেন্ট রনিল বিক্রমসিঙ্ঘে



**২০ জুলাই:** শ্রীলঙ্কার সংসদে ১৩৪ জন সদস্যের ভোট পেয়ে সেদেশের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হলেন রনিল বিক্রমসিঙ্ঘেই। তবে ৬ বার প্রধানমন্ত্রীর দায়িত্ব সামলে আসা বিক্রমসিঙ্ঘেকে রাজাপক্ষের অনুগামী বা শিবিরের লোক বলেই মনে করেন শ্রীলঙ্কার বিক্ষোভকারীরা। ফলে রাজাপক্ষের পাশাপাশি প্রধানমন্ত্রীর পদ থেকে বিক্রমসিঙ্ঘেকে সরাতে চেয়েছেন শ্রীলঙ্কার এক বড় অংশের মানুষ। কিন্তু সেই বিক্রমসিঙ্ঘেই রাজনীতির চালে দেশের শীর্ষপদে বসেছেন। ফলে জনবিক্ষোভ সামলানোর পাশাপাশি শ্রীলঙ্কার অর্থনীতিকে সঠিক দিশা দেখানোর মতো নানা চ্যালেঞ্জ এখন তাঁর সামনে।

**শ্রীলঙ্কায় প্রেসিডেন্ট নির্বাচনের ঠিক** আগেই এক নির্দেশিকা জারি করে ফের জরুরি অবস্থা ঘোষণা করলেন অন্তর্বর্তী প্রেসিডেন্ট রনিল বিক্রমসিঙ্ঘে। তিনি জানান দেশের অর্থনৈতিক সঙ্কটের মোকাবিলা এবং শান্তি ফেরাতেই জরুরি অবস্থা ঘোষণার সিদ্ধান্ত। তবে বিরোধীরা এটাকে 'অগণতান্ত্রিক' পদক্ষেপ বলে সোচ্চার হয়েছে। তবে অন্তর্বর্তী প্রেসিডেন্টের আশ্বাস শ্রীলঙ্কায় নতুন সরকার গঠনের পর ২০২৩-এর শেষ থেকে পরিস্থিতি শুধরাবে।

**ইংল্যান্ডকে ৫০ ওভারের ক্রিকেট** বিশ্বকাপে চ্যাম্পিয়ন করার অন্যতম কারিগর বেন স্টোকস ওয়ান ডে থেকে অবসর নিলেন। ভারতের বিরুদ্ধে সদ্য সমাপ্ত একদিনের সিরিজের সব কটি ম্যাচেই খেলেছেন স্টোকস। ১৯ জুলাই দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ডারহামে শেষ ম্যাচ খেললেন তিনি। স্টোকস জানিয়েছেন তিনি এখন টেস্টে আরও বেশি মনঃসংযোগ করতে চান।

**১৯ জুলাই** শ্রীলঙ্কার সাম্প্রতিক সঙ্কট নিয়ে নয়াদিল্লিতে সর্বদল বৈঠকে ভারত তার অবস্থান ব্যাখ্যা করল। অর্থনৈতিক সঙ্কট থেকেই সেদেশে তৈরি হওয়া রাজনৈতিক সঙ্কটে ভারত যে শ্রীলঙ্কার পাশেই থাকছে, তা জানান বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। তবে তিনি এও জানান যে অভ্যন্তরীণ ক্ষেত্রে ভারত হস্তক্ষেপ করবে না। বিদেশনীতির প্রশ্নে তৃণমূল সাংসদ সৌগত রায় দাবি করেছেন অদূর ভবিষ্যতে সরকার কোন পথে চলবে, তা সব দলকে আগাম জানাক কেন্দ্র।

**চলতি বছরের আন্তর্জাতিক প্রেস ফ্রিডম** ইনডেক্সে ভারত ১৮০টি দেশের মধ্যে ১৫০তম স্থান পেলেও এই সূচককে ভারত সরকার মানে না বলে সংসদেই জানালেন কেন্দ্রীয় তথ্যসম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর। তাঁর দাবি, মোদী সরকার সংবাদমাধ্যমের স্বাধীনতা এবং কাজে হস্তক্ষেপ করে না। উল্লেখ্য, গতবছরের তুলনায় ভারত এবার ৮ ধাপ নেমে গিয়েছে প্রেস ফ্রিডম ইনডেক্সে। তারপরই দেশে সংবাদমাধ্যমের স্বাধীনতা খর্ব করা নিয়ে মোদী সরকারকে লাগাতার আক্রমণ শানিয়েছে বিরোধীরা।

**২০ জুলাই** লম্বা আইনি প্রক্রিয়ার পর জামিনে মুক্ত হলেন 'অল্ট নিউজ'-এর সহ-প্রতিষ্ঠাতা মহম্মদ জুবেইর। ৭টি মামলাতেই এদিন তাঁকে জামিন দিল শীর্ষ আদালত। তাঁর বিরুদ্ধে উত্তরপ্রদেশে থাকা সবক'টি মামলাই দিল্লিতে সরানোর নির্দেশ দেওয়া হয়েছে। ২০১৮ সালে জুবেইরের করা একটি টুইট ধর্মীয় ভাবাবেগে আঘাত করেছে এই অভিযোগে ২৭ জুন তাঁকে গ্রেপ্তার করেছিল দিল্লি পুলিশ। পরে আরও কতগুলি মামলায় জড়ানো হয় তাঁকে। এদিন আদালত তার পর্যবেক্ষণে বলে, 'গ্রেপ্তারির ক্ষমতা অপব্যবহার করা উচিত নয়। জুবেইরকে ক্রমাগত আটকে রাখা এবং অন্তহীন ভাবে বিভিন্ন কোর্টে মামলায় জড়িয়ে রাখার কোনও যৌক্তিকতা নেই।'

**২১ জুলাই** ব্রিটেনে সরকার পতনের পর ইতালিতেও সঙ্কটে পড়ল সরকার। সেদেশের ক্ষমতাসীন জোট সরকারে ভাঙন দেখা দেওয়ায় ইস্তফা দিলেন প্রধানমন্ত্রী মারিও দ্রাঘি। দ্রব্যমূল্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির অভিযোগ তুলে সম্প্রতি সমর্থন তুলে নেয় অন্যতম শরিকদল ফাইভ স্টার। এরপরই ইস্তফা দেন দ্রাঘি। যদিও জানা গিয়েছে, তাঁর পদত্যাগপত্র গ্রহণ করতে অস্বীকার করেছেন প্রেসিডেন্ট সার্জিও মাতারেল্লা। কোভিড বিধ্বস্ত ইতালিতে ২০২১-এর ফেব্রুয়ারিতে ক্ষমতায় আসে জোট সরকার। প্রধানমন্ত্রীর আসনে বসেন দ্রাঘি। করোনা মোকাবিলায় তাঁর সরকার সাফল্য পেলেও দ্রব্যমূল্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির অভিযোগ ওঠে সাম্প্রতিক সময়ে।

## ভারত-নামিবিয়া চিতা-চুক্তি স্বাক্ষরিত



**২০ জুলাই:** ভারত ও নামিবিয়ার মধ্যে চিতা চুক্তি স্বাক্ষরিত হল। সব ঠিকমতো চললে একমাসের মধ্যেই ভারতে আসতে চলেছে অন্তত ১২টি চিতা। এদিন ভারতের পরিবেশমন্ত্রীর সঙ্গে নামিবিয়ার বিদেশমন্ত্রী এই চুক্তিতে সই করেন। ভারতে অতীতে এশিয়াটিক চিতা ছিল কিন্তু ১৯৫২ সালে মধ্যপ্রদেশে ভারতের শেষ চিতাটির দর্শন মিলেছিল। কাজেই ৭০ বছর পরে আফ্রিকার উপ-প্রজাতিটি ভারতীয় চিতার জায়গা নিতে আসছে।

## সিঙ্গাপুর ওপেন জয় সিন্ধুর



**১৭ জুলাই:** এশিয়ান চ্যাম্পিয়ন চিনের ওয়াং ঝি ই-কে হারিয়ে ব্যাডমিন্টনে সিঙ্গাপুর ওপেন জয় করলেন ভারতের পি ভি সিন্ধু। ফাইনালে তিনি ২১-৯, ১১-২১, ২১-১৫ ফলে হারালেন ওয়াংকে। অবশ্য সিন্ধুই প্রথম ভারতীয় নন, ২০১০ সালে ভারতের সাইনা নেহওয়াল ও ২০১৭ সালে বি সাই প্রণীত এই খেতাব জিতেছিলেন। তবে অলিম্পিক্সে জোড়া পদক জয়ী সিন্ধু বেশ কিছুকাল তাঁর চেনা ছন্দের বাইরে ছিলেন। এই খেতাব তাঁকে অনেকটাই ছন্দে ফেরাবে বলে মনে করা হচ্ছে।

## নজিরবিহীন গ্রীষ্ম ইউরোপে



**১৯ জুলাই:** এবারের গ্রীষ্মে ২০১৯-এর জুলাইয়ের রেকর্ড ভেঙে দিল লন্ডন। হিথরো এয়ারপোর্টে এদিন তাপমাত্রা স্পর্শ করল ৪০.২, নটিংহ্যামে ৪০.৫ ডিগ্রি সেলসিয়াস। স্পেন-পর্তুগাল-ফ্রান্সের মতো ইউরোপের অনেক দেশই তাপপ্রবাহের কবলে পড়েছে। পশ্চিম ফ্রান্সের বিস্তীর্ণ এলাকা, পর্তুগাল, স্পেন, গ্রিস, ইতালি-সহ ইউরোপের বহু জায়গায় দাবানলে কয়েক লক্ষ হেক্টর জমি ও বাড়িঘর পুড়ে গিয়েছে। বহু মানুষ ঘর ছেড়েছেন। স্পেনের স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে বিগত এক সপ্তাহে সেদেশে ৫১০ জনের মৃত্যু হয়েছে তাপপ্রবাহে। উত্তর আফ্রিকা থেকে ইউরোপের দিকে ধেয়ে আসা এই তাপপ্রবাহ জলবায়ু পরিবর্তনের জের বলে মনে করছেন বিশেষজ্ঞরা। রাষ্ট্রপুঞ্জের দাবি, পৃথিবীতে জীবজগতের স্বাভাবিক বিকাশ হওয়ার পর থেকে সবচেয়ে উষ্ণতম সময়ের মধ্যে বাস করছি আমরা।

## বিশ্বের দ্রুততমা শেলি



**১৮ জুলাই:** আমেরিকার ইউজিনে বিশ্ব অ্যাথলেটিক্সে মেয়েদের ১০০ মিটার দৌড়ে প্রথম তিন স্থান দখল করলেন জামাইকার স্প্রিন্টাররা। এর আগের দিন ছেলেদের ১০০ মিটার দৌড়ে সোনা-রুপো-ব্রোঞ্জ তিন পদকই গিয়েছিল আমেরিকার ঘরে। একদিনের মধ্যেই জামাইকাও একই কীর্তি গড়ল। ৩৫ বছরের শেলি অ্যান ফ্রেজার বিশ্বের দ্রুততমা হয়ে সোনা জিতলেন। তিনি সময় নিয়েছেন ১০.৬৭ সেকেন্ড। দ্বিতীয় শেরিকা জ্যাকসন (১০.৭৩), তৃতীয় এলাইনা থমসন হেরা (১০.৮১)। উল্লেখ্য, এই নিয়ে পাঁচবার বিশ্ব মিটের দ্রুততমা হলেন শেলি অ্যান ফ্রেজার।

# ভেষজ রং ও পোশাক তৈরির প্রশিক্ষণ খুলে দিচ্ছে রোজগারের পথ

**প্রকৃতিতে ফুল-পাতা-পাথর-মাটিতে কত না রং! প্রাকৃতিক উপাদানগুলি থেকে ভেষজ রং তৈরি করে পোশাক রঙিন করার চল ছিল এক কালে। রাসায়নিক রং বাজারে আসার পর ভেষজ রঙের ব্যবহার প্রায় উঠে যায়। এখন আবার হ্যান্ডলুমের কাপড়ের সঙ্গে ভেষজ রঙের ডিজাইনের সঙ্গত বাজার মাতাচ্ছে। প্রশিক্ষণ নিয়ে এমন পোশাক বানাতে পারেন আপনিও। অথবা হোলসেলে কিনে ব্যবসাও করতে পারেন পুজোর আগে।**

**নিজস্ব প্রতিনিধি:** বাংলার বিভিন্ন গ্রামে ঘুরে বেড়াতে ভালোবাসেন সঞ্জীব মণ্ডল। এই নেশা তাঁর বিশ্বভারতীর শিল্পসদনে ব্যাচেলর ইন ডিজাইন পড়তে পড়তেই। গ্রামে ঘুরে সঞ্জীব দেখতে পান, পাওয়ার লুমের অগ্রগতির জন্য বহু তাঁতি কর্মহীন হয়ে পড়েছেন। তাঁরা এক সময় নিজেদের ঘরে তাঁতে কাপড় বুনতেন। কিন্তু বেশি উৎপাদনক্ষম পাওয়ার লুমের কাছে হাতে টানা তাঁত পিছিয়ে পড়ায় জীবন চালানোর জন্য সেই সব তাঁতশিল্পীরা কেউ পান-বিড়ির দোকান দিয়েছিলেন, কেউ চাষাবাদ শুরু করেন। হ্যান্ডলুমের তাঁতিদের কাজ হারানোর বিষয়টা নাড়া দেয় সঞ্জীবকে। কী ভাবে তাঁতিদের পুরনো কাজে ফিরিয়ে আনা যায় সেই বিষয়ে তিনি চিন্তাভাবনা শুরু করেন। তখনই সঞ্জীবের মাথায় আসে ভেজিটেবল কালার নিয়ে কাজ করার কথা।

রঙের প্রধান উৎস আমাদের প্রকৃতি। ফুল, পাতা থেকে শুরু করে পাথর, মাটি— প্রকৃতির প্রায় সব উপাদান থেকে রং তৈরি করা যায়। সেই রং দিয়ে কাপড়ে নানা ডিজাইন তৈরি করা যায়। প্রকৃতির রঙে রঙিন কাপড় দিয়ে বিভিন্ন ধরনের পোশাক বানানো যায়। অতীতে এভাবেই রঙিন বস্ত্র তৈরি হত। কিন্তু রাসায়নিক রং আবিষ্কৃত হওয়ার পর ভেজিটেবল রঙের ব্যবহার কমে যায়। ঔজ্জ্বল্য থাকলেও রাসায়নিক রং কখনওই ত্বক ও স্বাস্থ্যের পক্ষে ভালো নয়।

সঞ্জীব বিভিন্ন ফুল, পাতা, পেঁয়াজের খোসা ইত্যাদি থেকে নিজেই রং তৈরি করতে শুরু করেন। সেই রং পোশাকে ফুটিয়ে তুলবেন বলে কাপড় তৈরির বরাত দেন কর্মহীন তাঁতিদের। এরপর আর কখনওই পোশাকের ডিজাইনে পাওয়ার লুমের কাপড় তিনি ব্যবহার করেননি। দেড় বছর হল তিনি নিজের বুটিক 'বয়ন টেক্সটাইল' খুলে কাজ করছেন। কাজের পরিধি বেড়েছে, বিক্রি বেড়েছে। পাশাপাশি কর্মশালা ও সারা বছর ধরে প্রদর্শনী করেন। বিভিন্ন সংস্থা বা এনজিও থেকে প্রায়শই ডাক পান। কাজ শেখান গ্রামের ছেলেমেয়েদের। পাশাপাশি যাঁরা নিজের আগ্রহে কাজ শিখতে চান তাঁদেরও কাজ শেখান। যে-কেউ তাঁর কাছে শিখতে পারেন। সময় লাগে কমপক্ষে তিন দিন। হাতে-কলমে কাজ শেখান তিনি। জোর দেন থিওরিতেও।

## উপার্জনের পথ

যে-কেউ সঞ্জীবের কাছ থেকে কাপড় ও তৈরি পোশাক কিনে বিক্রি করতে পারেন।



তাছাড়া তাঁর কাছ থেকে কাজ শিখে পোশাক বানিয়ে ও বিক্রি করে উপার্জন করতে পারেন। সঞ্জীব তাঁর কাজের প্রচারের জন্য সোশ্যাল মিডিয়াকে বেছে নিয়েছেন। পাশাপাশি বিভিন্ন প্রদর্শনীতে যোগ দেওয়ার ফলে যথেষ্ট প্রচার পেয়েছে তাঁর কাজ। পশ্চিমবঙ্গে তো বটেই, বঙ্গের বাইরেও দেশের নানা প্রান্তে এবং তাইওয়ান, জার্মানি, অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে সঞ্জীবের ক্রেতারা আছেন। কুরিয়ারে তাঁদের পছন্দের পোশাক পাঠিয়ে দেন তিনি। ভারতের বিভিন্ন রাজ্যের বহু শিল্পী এখন ভেজিটেবল কালার নিয়ে কাজ করছেন। তাঁরা সঞ্জীবের কাছ থেকে সুতো এবং এমব্রয়ডারি করা সামগ্রী কিনে নেন। শাড়ি, স্কার্ফ, কুর্তি, টপ, স্কার্ট, পালাজো থেকে নোটবুক— সবই তৈরি করেন সঞ্জীব। নোটবুকের কভার রঙিন হয় কচুরিপানা থেকে আহরিত রঙে। ভিতরে থাকে হ্যান্ডমেড কাগজ। ২৫০ টাকা থেকে শুরু করে ১২ হাজার টাকার পণ্য মজুত সঞ্জীবের কাছে।

## প্রাকৃতিক রঙে ছোপানো পোশাকের চাহিদা বাড়ছে



**সঞ্জীব মণ্ডল**
বস্ত্রশিল্পী, কলকাতা

প্রথমে এই ধরনের কাজ ধারাবাহিক ভাবে চালাতে পারব কিনা তা নিয়ে বিস্তর পরীক্ষা-নিরীক্ষা করেছি। পরিচিতদেরই কেবল তৈরি করে দিতাম। দেখলাম যাঁরা একবার নিয়েছেন তাঁরা আবার নিচ্ছেন। মাত্র দেড় হাজার টাকা পুঁজি নিয়ে কাজ শুরু করেছিলাম। মাথায় ঘুরছিল কাজ হারানো তাঁতিদের জন্য কিছু করতে হবে। এখন সেটা কিছুটা হলেও করতে পারছি। তাই যে কোনও কাপড় দিয়ে আমি কাজ করি না। শুধুমাত্র হ্যান্ডলুম কাপড়ের উপর কাজ করি। এর ফলে তাঁতিরা কিছুটা লাভবান হতে পারছেন।

আমি চেষ্টা করি প্রতিনিয়ত নতুন কিছু করার। এখন নতুন একটি কাজ করছি, তার নাম ইকো ফ্রেন্ডলি প্রিন্টিং। গাছের পাতার ছাপ থাকছে কাপড়ের উপর। যে-গাছের পাতার ছাপ দিয়ে নকশা করি সেই পাতারই রং ব্যবহার করছি। রং তৈরি করার জন্য কোনও রসায়নিক জিনিস নয়, লোহা ভেজানো জল, ফিটকিরি ইত্যাদি সম্পূর্ণ প্রাকৃতিক জিনিস ব্যবহার করি। পাশাপাশি একটা নির্দিষ্ট 'থিম' ধরে পোশাক ও অ্যাক্সেসরিজ তৈরি করছি। যেমন থিম যদি হয় ইন্ডিগো বা গাঁদাফুল, এই থিমের স্কার্ট-টপ, পালাজো, ফ্রক ইত্যাদির সঙ্গে ম্যাচ করে পোশাক ও অ্যাক্সেসরিজ পাওয়া যাবে। আরেকটি কাজ করছি, তা হল, সম্পূর্ণ প্রাকৃতিক রং দিয়ে কাপড়ের উপর বাটিক।

এই সব নতুন কাজ নিয়ে প্রদর্শনী করছি প্রতি মাসে। এই প্রদর্শনীগুলি আমাকে পরিচিতি তৈরি করতে সাহায্য করছে। আগে নিজেই পুরো কাজটা করতাম, এখন চাহিদা বাড়তে, তিন জন দর্জি, ছ'জন তাঁতি-পরিবার আমার সঙ্গে কাজ করছেন। তবে রং তৈরির কাজটা আমি নিজে হাতে করি।

যাঁরা একবার ভেজিটেবল প্রিন্টিংয়ের কাপড় বা পোশাক পরেছেন তাঁরা সাধারণত অন্য কোনও মেটিরিয়াল চান না। পোশাকের জন্য যে-রাসায়নিক রং ব্যবহার করা হয় তা ত্বকের পক্ষে বেশ খারাপ। মানুষকে এই বিষয়ে শুধু সচেতন করলেই তো হবে না, বিকল্প দিতে হবে। সেই ভাবনা থেকেই আমার এই কাজে আসা।

## প্রশিক্ষণের নিয়ম

সঞ্জীব মণ্ডলের কাছে কাজ শেখার জন্য কোনও ধরাবাঁধা শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। শেখার ইচ্ছেকেই গুরুত্ব দেন তিনি। তাঁর কর্মশালায় একটি ব্যাচে কমপক্ষে ১০ জন হলে সুবিধা হয় বলে জানালেন। এতে প্রশিক্ষণের মাথাপিছু খরচও কম পড়ে। ১০ জনের ব্যাচে মাথাপিছু খরচ ৫,০০০ টাকা। উপকরণ সঞ্জীবই দেন কলকাতার বাইরে কর্মশালার আয়োজন করলেও তিনি নিজে গিয়ে শেখাবেন। সঞ্জীব মণ্ডলের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯০০২৭-৭৯১৮৪।



# ট্রেনিং দিয়ে নেভিতে চাকরি

স্পেশ্যাল ন্যাভাল ওরিয়েন্টেশন কোর্সে ট্রেনিং দিয়ে ৫০ জন এক্সিকিউটিভ নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ হবে শর্ট সার্ভিস কমিশনে ইনফর্মেশন টেকনোলজি এন্ট্রিতে (এক্সিকিউটিভ ব্রাঞ্চ)। কেবলমাত্র অবিবাহিত তরুণ-তরুণীরাই আবেদনের যোগ্য। ৪ সপ্তাহের কোর্স। নিয়োগের পর প্রথমে ২ বছরের প্রবেশন। কোর্স শুরু হবে ২০২৩ সালের জানুয়ারিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, সফটওয়্যার সিস্টেমস, সাইবার সিকিউরিটি, সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড নেটওয়ার্কিং, কম্পিউটার সিস্টেমস অ্যান্ড নেটওয়ার্কিং, ডেটা অ্যানালিটিক্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক বা এম এসসি বা এম টেক। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি সি এ বা বি এসসি-সহ এম সি এ ডিগ্রি। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংলিশে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এন সি সি 'সি' সার্টিফিকেটধারীরা নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন।

**জন্মতারিখ:** ২-১-১৯৯৮ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ের মাধ্যমে।

৪ সপ্তাহের ন্যাভাল ওরিয়েন্টেশন কোর্স হবে এঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। তার পর ন্যাভাল শিপ অ্যান্ড ট্রেনিং এস্টাবলিশমেন্টে প্রফেশনাল ট্রেনিং হবে।

সফল প্রার্থীদের সাব লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১৫ অগস্ট। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র জে পি জি বা টি আই এফ এফ ফর্ম্যাটে আপলোড করতে হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে অ্যাপ্রেন্টিস

৪৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ডিফেন্স রিসার্চ ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (ডি আর ডি ও) অধীনস্থ অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এস্টাব্লিশমেন্ট। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: ADE/HRD/Apprentice/01/2022.

**আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনি:** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৪টি, ইলেক্ট্রিক্যাল ৪টি, কম্পিউটার সায়েন্স ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক। স্টাইপেন্ড: প্রতি মাসে ৯,০০০ টাকা।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনি:** মেকানিক্যাল ৫টি, কম্পিউটার সায়েন্স ৩টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৪টি, ইলেক্ট্রিক্যাল ৩টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট শাখায় ডিপ্লোমা। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা।

**ট্রেড অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনি:** ইলেক্ট্রনিক মেকানিক ৫টি, ইলেক্ট্রিশিয়ান ৫টি, ফিটার ৫টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। স্টাইপেন্ড: প্রতি মাসে ৭,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে গ্র্যাজুয়েট ও ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://mhrdnats.gov.in, আই টি আই-এর ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://apprenticeshipindia.gov.in এরপর আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://rac.gov.in আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করে কম্পিউটারে সেভ করে রাখবেন। আবেদনপত্রটি ১৫ অগস্টের মধ্যে ই-মেলে পাঠাতে হবে এই ঠিকানায়: vandithajyothi.ade@gov.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# 'ক্যাট' পরীক্ষা ২৭ নভেম্বর

ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্স ও কেলো প্রোগ্রামে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'ক্যাট' (কমন অ্যাডমিশন টেস্ট-২০২২) আয়োজিত হবে ২৭ নভেম্বর (রবিবার)। পরীক্ষা হবে কম্পিউটার-ভিত্তিক। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত। উল্লেখ্য, কলকাতা-সহ দেশের ২০টি আই আই এম (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট)-এ ভর্তির জন্য 'ক্যাট' স্কোরের প্রয়োজন হয়।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি জাতি ও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। যাঁরা ব্যাচেলর্স ডিগ্রির ফাইনাল পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

পরীক্ষা আয়োজিত হবে দেশজুড়ে ১৫০টিরও বেশি শহরে। ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২৭ অক্টোবর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত। পরীক্ষার ফল ঘোষিত হবে জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ নাগাদ।

আবেদনের ফি ২,৩০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,১৫০ টাকা)।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iimcat.ac.in

# রাষ্ট্রীয় কেমিক্যালসে মার্কেটিং অফিসার

মার্কেটিং বিভাগে ১৮ জন অফিসার নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১০৬২০২২।

**পোস্ট কোড E1 MKTG/062022:** সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা এগ্রিকালচারে ৩ থেকে ৪ বছর মেয়াদের স্নাতক কোর্স পাশ। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি স্নাতকোত্তর ডিগ্রি— মার্কেটিং স্পেশ্যালাইজেশন বা মূল বিষয়-সহ এম বি এ বা এম এম এস, এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে এম বি এ। এগ্রিকালচারে স্নাতক, সঙ্গে এগ্রিকালচার বা অ্যাগ্রোনমি বা এগ্রিকালচার কেমিস্ট্রি অ্যান্ড সয়েল সায়েন্সে এম এসসি ডিগ্রি থাকলেও তা গ্রাহ্য করা হবে। স্নাতকোত্তর স্তরে ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। পাশাপাশি, সেলস অ্যান্ড মার্কেটিংয়ে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। কৃষিপণ্য সংক্রান্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ৩৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১২ অগস্ট। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী পড়বেন, কোথায় পড়বেন

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সান্ধ্যকালীন ডিগ্রি কোর্স

সিভিল, মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পাঁচ বছরের ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তি নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সগুলি সন্ধ্যায় পড়ানো হবে। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২১ অগস্ট। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

**আসনসংখ্যা:** বিষয় প্রতি ৫৩টি। নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ সিভিল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

প্রবেশিকা পরীক্ষায় ৫০টি মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের পূর্ণমান ২। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা দুপুর ১২টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত। পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, দুর্গাপুর ও শিলিগুড়ি। পরীক্ষার ফল প্রকাশিত হবে ৩ সেপ্টেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ১১ অগস্ট পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, আবেদনের সময় আপলোড করতে হবে এইসব নথি: ✓প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও কালো কালির সই, ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, ✓সচিত্র পরিচয়পত্র, ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রতিটি ১০০ কেবি সাইজের মধ্যে), ✓প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ-ভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের একগুচ্ছ প্রশিক্ষণ

বেসিক কম্পিউটার প্রোগ্রামিং অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ডেটা সায়েন্স, এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট এবং মৌমাছি পালন ও চায়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কন্টিনিউয়িং অ্যান্ড অ্যাডাল্ট এডুকেশন সেন্টার। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: VU/CCAE/99/2022.

**কোর্সের বিবরণ:** সার্টিফিকেট কোর্স ইন বেসিক কম্পিউটার প্রোগ্রামিং অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স: প্রশিক্ষণের মেয়াদ ছয় মাস। আসনসংখ্যা: ৮০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চমাধ্যমিক। কোর্স ফি: ৮,৫০০ টাকা।

ডিপ্লোমা ইন ডেটা সায়েন্স: প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। আসনসংখ্যা: ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি: ১২,০০০ টাকা।

সার্টিফিকেট কোর্স ইন হানিবি অ্যান্ড স্টিংলেস বিকিপিং: প্রশিক্ষণের মেয়াদ ২ সপ্তাহ। আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্স ফি: ১,২০০ টাকা।

সার্টিফিকেট কোর্স ইন এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট: প্রশিক্ষণের মেয়াদ ২ মাস। আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্স ফি: ৩,০০০ টাকা।

আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in আবেদনের ফি বাবদ দিতে হবে হবে ২০০ টাকা। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্টে: UCO Bank, Vidyasagar University Branch, IFSC UCBA0001748, Beneficiary Name: Vidyasagr University, CCAE, Account Number: 17480110077832, SWIFT Code: UCBAINBB102. প্রয়োজনীয় নথিপত্র, আবেদনের ফি এবং কোর্স ফি-সহ আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে দুপুর ২টোর মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Centre for Continuing and Adult Education, 1st Floor, Pandit Ravi Shankar Bhavan, Gate No. 1, Vidyasagar University, Pin-721102. অথবা আবেদনের ফি ও কোর্স-ফি জমা দিয়ে পাওয়া নথি-সহ পূরণ করা আবেদনপত্র কম্পিউটারে স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: ccaeoffice@mail.vidyasagar.ac.in আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২১ অগস্ট।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৩৭৩৮৬১৭০৭।

# নিখরচায় রাজ্যের তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে জয়েন্ট এন্ট্রান্স, নিট পরীক্ষার প্রশিক্ষণ

**স্টাইপেন্ড প্রতি মাসে ৩০০ টাকা।**

নিখরচায় রাজ্যের তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন, ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন এবং ডাক্তারি পড়ার প্রবেশিকা পরীক্ষা ন্যাশনাল এন্ট্রান্স এলিজিবিলিটি টেস্ট (নিট) পরীক্ষার প্রস্তুতির জন্য প্রশিক্ষণ দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ। প্রশিক্ষণ দেওয়া হবে কলকাতা, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বীরভূম, কোচবিহার, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, আলিপুরদুয়ার, দার্জিলিং, হুগলি, জলপাইগুড়ি, কালিম্পং, মালদা, নদিয়া, মুর্শিদাবাদ, ঝাড়গ্রাম, বাঁকুড়া, হাওড়া এবং উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনার বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে।

বিজ্ঞান শাখায় দ্বাদশ শ্রেণি ও স্নাতক স্তরের প্রথম বর্ষে পাঠরত ছাত্রছাত্রীরা আবেদন করতে পারেন।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। মাধ্যমিকে তফসিলিদের ক্ষেত্রে ৬০ শতাংশ এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখ টাকার নীচে হতে হবে।

**স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট মাসিক ৩০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.wbbcdev.gov.in, www.anagrasarkalyan.gov.in অথবা সংশ্লিষ্ট জেলার প্রশিক্ষণকেন্দ্রেও আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন। অনলাইন-অফলাইন উভয়-ক্ষেত্রেই ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ২৭ অগস্ট। প্রশিক্ষণ কেন্দ্রের তালিকা ও যোগাযোগের ফোন নম্বর-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


# MSME TOOL ROOM-KOLKATA

Ministry of Micro, Small & Medium Enterprises
Govt. of India Society
Bonhooghly Industrial Area, Kolkata – 700108
E-mail : cttc-msme@gov.in, Website : www.msmetoolroomkolkata.com

## ADMISSION NOTICE

**ENTREPRENEURSHIP CUM SKILL DEVELOPMENT PROGRAMME**

## FREE TRAINING PROGRAMME

MSME Tool Room-Kolkata is a leading Tool Room & Training Centre of India impart skill based training for aspiring candidates in the field of Manufacturing and CAD/CAM/CNC Technology. Following Training Programmes are designed to upgrade skills of prospective entrepreneurs, existing work force and also develop skills of workers and technicians.

| NO. | COURSE TITLE | ELIGIBILITY | DURATION |
|---|---|---|---|
| 1. | Certificate Course In CNC Turning | 10th Pass & above | 6 Months |
| 2. | Certificate Course in Room Air Conditioner & Home Appliances (RACHA) | 12th Pass & above | 4 Months |
| 3. | Certificate Course in Hand Held Products (HHP) | 12th Pass & above | 3 Months |
| 4. | AutoCAD (Mechanical) | 10th Pass & above | 1 Month |
| 5. | AutoCAD (Electrical) | 10th Pass & above | 1 Month |
| 6. | MasterCAM/ DelCAM | 10th Pass & above | 1 Month |
| 7. | CNC Programming Lathe | 10th Pass & above | 1 Month |
| 8. | CNC Programming Milling | 10th Pass & above | 1 Month |
| 9. | PLC Programming | 10th Pass & above | 1 Month |

Interested candidate are requested to register themselves by visiting Training Cell of this Centre. Apply within 7 Days.

**Limited seats. Selection of candidates will be done on first come first serve/ counselling basis.**


For Further Enquiry please visit our Website : www.msmetoolroomkolkata.com or Training Helpline No. 9330193304

# ভর্তি চলিতেছে

www.swamivivekanandauniversity.ac.in

## SWAMI VIVEKANANDA UNIVERSITY

EXCELLENCE | INNOVATION | ENTREPRENEURSHIP




COURSES OFFERED

DIPLOMA / B.TECH / PH.D
M.TECH / AGRICULTURE
HOSPITAL MANAGEMENT

BBA / BCA / MBA / MCA
PSYCHOLOGY / OPTOMETRY
PHYSIOTHERAPY / NUTRITION

## SWAMI VIVEKANANDA GROUP OF INSTITUTES

SONARPUR - 9831084446
BARUIPUR - 9434360673

17 Institutes, 25000+ Students, 30000+ Alumni, 800+ Faculty, 45 Different Courses

www.svist.org





www.srist.in



APPROVED BY AICTE | AFFILIATED TO MAKAUT AND WBSCTE

NAAC ACCREDITED

OUR COURSES

**POLYTECHNIC DIPLOMA**
CIVIL, ME, EE, ETCE, CST, CSE, ARCHITECTURE

**B. TECH**
CE, ME, EE, EEE, ECE, CSE

**BTTM** Management
Travel & Tourism,

**BCA** **BBA** **MCA** **MBA** Marketing, HR, Systems Finance,

**B. SC**
Biotechnology (Hons.), Microbiology (Hons.), Media Science, Hotel & Hospitality Management

**M. SC**
Computer Science, Media Science, Biotechnology,

REGENT EDUCATION & RESEARCH FOUNDATION

www.rerf.in



নিয়োগকারী কোম্পানি: TATA, Cognizant, WIPRO, HCL, GENPACT, IBM, Tech Mahindra, Infosys, RASHMI GROUP, amazon, videocon d2h, Mindtree, accenture

iti Industrial Training Institute

সময়সীমা ঃ ২ বৎসর
ন্যূনতম যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ
অনলাইন ও অফলাইন দুইভাবেই ভর্তি চলিতেছে

Skill India
কৌশল ভারত-কুশল ভারত

আমাদের কোর্স গুলি

ইলেকট্রনিক মেকানিক | কোপা | প্লাম্বার | সার্ভেওর
ড্রাফটসম্যান মেকানিক্যাল | ওয়েল্ডার | ফিটার | ড্রেস মেকিং
মেকানিক আর. এ. সি. | সয়িং টেকনোলজি | ওয়ারম্যান
বেসিক কসমেটোলজি | ইলেকট্রিশিয়ান | আর. এ. সি.
মেকানিক ডিজেল ইঞ্জিন | এম এম ভি







আমাদের শাখা
• ক্যানিং-১ • ক্যানিং-২ • বাসন্তী • হালিশহর
• বারাসাত • আমডাঙা • কুমারগঞ্জ • তপন • হিলি

ভর্তি সংক্রান্ত অনুসন্ধান ঃ 9831084446/7044086270


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in